

কালের বর্ষ কালের বর্ষ

তারিখ 16 MAR 2014
পৃষ্ঠা ২

ঢাকা বিশ্ববিদ্যালয় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের দুই শাখায় দুই রকম ফল

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের স্টার্ট প্রথম সেমিস্টারের চূড়ান্ত পরীক্ষায় দুই শাখার শিক্ষার্থীদের দুই ধরনের ফলের অভিযোগ পাওয়া গেছে। গত বুধবার প্রকাশিত ফল বিশ্লেষণ করে দেখা গেছে, 'ক' শাখার ১৭ শিক্ষার্থীর মধ্যে ৮৭ জনই পেয়েছেন ডিপিএ ও মশমিক ৫-এর ওপরে। আর 'খ' শাখার শিক্ষার্থীদের মধ্যে একই ফল পেয়েছেন মাত্র ২৮ জন।

গত বুধবার ফল প্রকাশের পর থেকে জাপো ফলপ্রত্যাশীদের মধ্যে নানা গুঞ্জন সৃষ্টি হয়। 'খ' শাখার শিক্ষার্থীরা গতকাল বৃহস্পতিবার উপাচার্যের কাছে ফল পুনর্মূল্যায়নের দাবি জানান।

'খ' শাখার শিক্ষার্থীরা জানান, ও ফল খুবই হতাশাজনক। কারণ একই বিভাগে দুই ধরনের ফল কেনোভাবেই কাম্য হতে পারে না।